

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯২৫

বিশ্রামগঞ্জ, ৩০ নভেম্বর, ২০২৩

সিপাহীজলা জেলায় বিকশিত ভারত সংকল্প যাত্রা নিয়ে পর্যালোচনা সভায় পরিবহণমন্ত্রী
সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ অস্তিম মানুষের কাছে পৌঁছে দিতে হবে

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান নিয়ে আজ সিপাহীজলা জেলায় এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী। সভায় পরিবহণমন্ত্রী বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ অস্তিম মানুষের কাছে পৌঁছে দিতে এই দুটি কর্মসূচির সূচনা হয়েছে। সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ জনগণের কাছে পৌঁছে দেওয়াকে নিশ্চিত করাই হচ্ছে এই দুটি কর্মসূচির উদ্দেশ্য। তিনি বলেন, সরকারি প্রকল্প রূপায়ণে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয় থাকতে হবে। তিনি বলেন, প্রথম পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযানে রাজ্যের ২৩ লক্ষ মানুষের কাছে বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়া হয়েছিল। এবারের বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানেও সর্বাধিক মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌঁছে দিতে হবে।

সভায় জেলাশাসক নাগেশ কুমার বি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে জেলায় গত ১৫ দিনের কর্মসূচি বিস্তারিতভাবে তুলে ধরেন। জেলাশাসক জানান, বিকশিত ভারত সংকল্প যাত্রায় জেলার প্রতিটি গ্রামীণ ও নগর এলাকায় ১৭টি কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের সুবিধা জনগণের কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি এ সমস্ত ফ্ল্যাগশিপ প্রকল্প সম্পর্কেও জনগণকে সচেতন করা হচ্ছে।

পর্যালোচনাসভায় উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, সহকারি সভাপতি পিন্টু আইচ, বিধায়ক অন্তরা সরকার দেব, বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক বিন্দু দেবনাথ, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতি ও বিএসির চেয়ারম্যানগণ, পুলিশ সুপার বি জে রেডিড, জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসক ও বিভিন্ন ব্লকের বিডিগণ।
